গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৭.১২-১৬৮

তারিখঃ ২৩ আষাঢ় ১৪২৭ ব.
০৭ জুলাই ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৬০৪৮/১০ মামলায় গত ২৮.০৯.১৪ তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন বিড়ালাক্ষী মহিলা দাখিল মাদ্রাসা এর শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০১/০১/২০১০ তারিখ হতে ২৮/০২/২০১৫ তারিখ পর্যন্ত মোট ৬২ মাসের বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রদান সংক্রান্ত।

সূত্র:

| | |
|---|---|
| (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪, | তারিখ: ০৬/৫/১০ খ্রি. |
| (২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯, | তারিখ: ৩১/৫/১০ খ্রি. |
| (৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:-১৩/বিবিধ/মামলা/২০১৩, | তারিখ: ২২.০৫.১৪ খ্রি. |
| (৪) অধ্যক্ষ, সুপার, বিড়ালাক্ষী মহিলা দাখিল মাদ্রাসা, শ্যামনগর, সাতক্ষীরা এর আবেদন, | তারিখ: ২১/০১/২০২০ খ্রি. |

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সূত্রোক্ত (১) নং পত্রমূলে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.০৫.১০ খ্রি. তারিখের সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন বিড়ালাক্ষী মহিলা দাখিল মাদ্রাসাটি গত ০১.০১.১০ তারিখ হতে কার্যকারিতা দিয়ে এমপিও তালিকায় নির্বাচিত করা হয়।

২। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই মন্ত্রণালয়ের ৩১.০৫.১০ তারিখের সূত্রোক্ত (২) স্মারকমূলে এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপার, জনাব মুহা: একরামুল কবির কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ৬০৪৮/২০১০ মামলা দায়ের করা হয়।

৩। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক বিগত ১৫.১২.১০ তারিখে আরো অন্যান্য ৩টি মামলা (একত্রে মোট ৪টি মামলা) একত্রে শুনানি গ্রহণ শেষে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়:

"The respondetns concerned are hereby directed to enlist the name of the petitioner's Madrasha provided it complies with the requirements as provided in the Janabal Kathamo, 2010, within a period of 90 (ninety) days from date of receipt of the certified copy of the judgment and order. অর্থাৎ মহামান্য হাইকোর্ট কর্তৃক জনবল কাঠামো,২০১০ এর চাহিত শর্তাদি পূরণ থাকা সাপেক্ষে ৯০ (নব্বই) দিনের মধ্যে উক্ত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

৪। উক্ত রিট মামলার রায়/আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে সিপিএলএ নং-৭১৫/২০১৩ মামলা দায়ের করা হলে মাননীয় আপিল বিভাগ কর্তৃক বিগত ০৯.০২.১৪ খ্রি: তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-

"The leave petition is out of time by 747 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. As such, the leave petition is dismissed as barred by limitation. ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

৫। এর ফলে রিট মামলার রায়/আদেশ অনুযায়ী বর্ণিত প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাউশিঅ বরাবর নির্দেশনা দিয়ে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২২.০৫.১৪ তারিখে সূত্রোক্ত (৩) স্মারকমূলে পত্র জারী করা হয়। তৎপ্রেক্ষিতে মাউশিঅ কর্তৃক মার্চ/২০১৫ মাসে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হয়েছে এবং তা চলমান আছে মর্মে এমপিও সীট হতে স্পষ্ট হয়।

৬। মহামান্য হাইকোর্ট কর্তৃক শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/৫/২০১০ তারিখের সূত্রোক্ত (১) স্মারকের সিদ্ধান্তকে বহাল করা হয়েছে। পিটিশনার কর্তৃক উক্ত স্মারকের ৭ নং কলামে বর্ণিত নির্দেশনা (২০০৯-২০১০ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এমপিওভুক্তির সরকারি আদেশ ০১/০১/২০১০ খ্রি. তারিখ থেকে কার্যকর হবে) অনুযায়ী ০১/০১/২০১০ তারিখ হতে ২৮/০২/২০১৫ তারিখ পর্যন্ত মোট ৬২ মাসের বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রাপ্তির দাবীতে সচিব, টিএমইডি বরাবর সূত্রোক্ত (৪) নং আবেদন দাখিল করা হয়েছে।

৭। উল্লেখ্য মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং- ৬০৪৮/২০১০ মামলায় ১৫.১২.১০ তারিখে প্রদত্ত রায়ের বিশ্লেষণ অংশে বকেয়া বিষয়ে বক্তব্য থাকলেও রায়ের চূড়ান্ত আদেশের অংশে বকেয়া প্রদানের বিষয়ে কোন নির্দেশনা নেই (এবং মহামান্য হাইকোর্টের আদেশ অনুযায়ী গত মার্চ/১৫ হতে এমপিও চলমান আছে) বিধায় আবেদনমতে বকেয়া প্রদানের সুযোগ নেই মর্মে স্পষ্ট হয়।

৮। যেহেতু রিট পিটিশন নং-৬০৪৮/২০১০ মামলায় গত ১৫.১২.১০ খ্রি. তারিখের রায়ে বকেয়া প্রদানের বিষয়ে কোন নির্দেশনা নেই সেহেতু পিটিশনার এর প্রতিষ্ঠানের তথা সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন বিড়ালাক্ষী মহিলা দাখিল মাদ্রাসা'র শিক্ষক-কর্মচারীগণের ০১/০১/২০১০ তারিখ হতে ২৮/০২/২০১৫ তারিখ পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রাপ্তির আবেদনটি (যা সচিব মহোদয় বরাবর দাখিলকৃত) বিবেচনার সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে মহোদয়-কে অবহিত করা হলো।

৭/০৭/২০

(মো: আ: খালেক মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

অধ্যক্ষ
বিড়ালাক্ষী মহিলা দাখিল মাদ্রাসা
ডাক- নওয়াবেকী, উপজেলা- শ্যামনগর, সাতক্ষীরা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx